



????????? ?????? ????? ??????????????

????????????????????????????????????? ?????????? ??????????

এইচএসসি ও সমমান পরীক্ষার ফল প্রকাশের আগে শিক্ষার্থী ভর্তি কার্যক্রম শুরু না করতে বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোকে নিষেধ করা হয়েছে।

বুধবার বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি) থেকে দেশের সব বেসরকারি বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর ও রেজিস্ট্রার বরাবর এ সংক্রান্ত চিঠি পাঠানো হয়েছে।

চিঠিতে উচ্চ মাধ্যমিক বা সমমানের পাবলিক পরীক্ষার ফল প্রকাশের পরে এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের শিক্ষার্থী ভর্তির যোগ্যতা সংক্রান্ত নীতিমালা অনুসরণ পূর্বক শিক্ষার্থী ভর্তির কার্যক্রম শুরুর জন্য বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর প্রতি অনুরোধ জানানো হয়েছে।

ইউজিসির বেসরকারি বিশ্ববিদ্যালয় বিভাগের পরিচালক ড. মো. ফখরুল ইসলাম স্বাক্ষরিত চিঠিতে বলা হয়েছে, এ বছর উচ্চ মাধ্যমিক বা সমমানের পাবলিক পরীক্ষার ফল অদ্যবধি প্রকাশিত হয়নি। তথাপি কমিশন অত্যন্ত উদ্বেগের সঙ্গে লক্ষ্য করছে যে, উল্লেখযোগ্য সংখ্যক বেসরকারি বিশ্ববিদ্যালয় এইচএসসি বা সমমানের পাবলিক পরীক্ষার ফলাফল প্রকাশের পূর্বেই শিক্ষার্থী ভর্তি কার্যক্রম/শিক্ষা কার্যক্রম শুরু করেছে। নিয়মানুযায়ী, একজন শিক্ষার্থীকে বেসরকারি বিশ্ববিদ্যালয়ে ভর্তি হতে হলে এসএসসি ও এইচএসসি বা সমমানের পাবলিক পরীক্ষার প্রতিটি পর্যায়ে অবশ্যই ন্যূনতম দ্বিতীয় বিভাগ অথবা জিপিএ ২.৫০ অথবা সমমানের গ্রেড থাকতে হবে। তবে কোনো একটি পরীক্ষায় ন্যূনতম জিপিএ ২.০০ থাকলে উভয় পরীক্ষায় অবশ্যই মোট জিপিএ ন্যূনতম ৬.০০ থাকতে হবে।

সে অনুসারে, ২০২০ সালের উচ্চ মাধ্যমিক বা সমমানের পাবলিক পরীক্ষার ফল প্রকাশের পূর্বে বিশ্ববিদ্যালয়ে শিক্ষার্থী ভর্তির কোনো সুযোগ নেই বলে চিঠিতে উল্লেখ করেছে ইউজিসি।